কালের কণ্ঠ

তারিখ ... 14 JUL 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# স্টামফোর্ড ইউনিভার্সিটিতে জঙ্গিবাদবিরোধী নিরাপত্তামূলক সভা

জঙ্গিবাদের বিরুদ্ধে স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের প্রধান কার্যালয়ে গত মঙ্গলবার নিরাপত্তামূলক জরুরি সভা হয়। এতে গুলশানের হলি আর্টিজান বেকারিতে নিহতদের জন্য শোক প্রস্তাব গ্রহণ করা হয়। পাশাপাশি এই ন্যক্কারজনক হত্যাযজ্ঞ যারা চালিয়েছে তাদের প্রতি নিন্দা জানানো হয়।

সভায় শিক্ষামন্ত্রীর আহ্বান অনুসারে পর পর ১০ দিন কোনো শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে উপস্থিত না থাকলে তাদের তালিকা তৈরির বিষয়ে স্টামফোর্ডের সব বিভাগীয় চেয়ারম্যানের সঙ্গে আলোচনা করে এর পদ্ধতি নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয়। স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের উপ-উপাচার্য ড. কে মউদুদ ইলাহীকে প্রধান করে একজন ডিন, একজন বিভাগীয় চেয়ারম্যান, রেজিস্ট্রার এবং প্রক্টরকে সদস্য করে কমিটি গঠন করা হয়। কমিটি আগামী তিন দিনের মধ্যে তালিকা পদ্ধতির ছক তৈরি করে প্রতিবেদন পদ্ধতি নিরূপণ করবে।

সভায় স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট ড. এম এ হান্নান ফিরোজ, বোর্ড অব ট্রাস্টির সদস্যরা, ইউনিভার্সিটির উপাচার্য এম ফিরোজ আহমেদ, উপ-উপাচার্য, ডিন, বিভিন্ন বিভাগের প্রধান, রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ ও প্রক্টর উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।